গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ টেক্সটাইল মিলস্ করপোরেশন

বিটিএমসি ভবন ৭-৯,কাওরান বাজার,ঢাকা-১২১৫ ।

বিষয়ঃ ইতঃপূর্বে বাস্তবায়িত_উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ।

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
|---|---|---|---|---|---|---|---|
| **ক্রমিক নং** | **ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম** | **সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ** | **সেবা/আইডিয়াটি কার্যকর আছে কিনা?/ কার্যকর না থাকলে কারণ** | **সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন কিনা** | **সেবার লিংক** | **সেবা/আইডিয়াটি বাস্তবায়নের উদ্যোগ গ্রহণকারী** | **বাস্তবায়ন কাল (অর্থবছর)** |
| ০১ | **Digital Store Management** | বিটিএমসি প্রধান কার্যালয়ের সাধারন কর্মশাখায় একটি Store (ভান্ডার) রয়েছে। এতে দাপ্তরিক কাজ সম্পাদনের জন্য প্রায় ২০০ (দুইশত) এর উপরে মালামাল রয়েছে। Store (ভান্ডার) এ ম্যানুয়াল পদ্ধতিতে মালামাল গ্রহন, ইস্যু ও সমাপনী মজুদ করা হয়। এ পদ্ধতিতে জরুরী প্রয়োজনে তাৎক্ষনিক মালামালের পরিমান ও মূল্য প্রদান করা জটিল ও সময় সাপেক্ষ। এছাড়াও ম্যানুয়াল পদ্ধতিতে ভান্ডার ব্যবস্থাপনায় বিভিন্ন ধরনের ভুলত্রূটি ও অনিয়ম হওয়ার সম্ভাবনা থাকে। ভান্ডার ব্যবস্থাপনায় Digital Store Management এর কার্যক্রমটি বাস্তবায়ন করা হলে এর মাধ্যমে ভান্ডারের যাবতীয় মালামাল গ্রহন, ইস্যু ও সমাপনী মালামালের অবস্থা খুব সহজেই পাওয়া যাবে। এতে একদিকে Store (ভান্ডার) এ মালামালের ঘাটতি হবে না অন্যদিকে মালামাল গ্রহনকারী সমাপনী মালামালের মজুদের অবস্থা বিবেচনা করে তাঁর মালামালের রিকুইজেশন দিতে পারবেন। সর্বোপরি Digital Store Management বাস্তবায়ন করা হলে ভান্ডার ব্যবস্থাপনায় অধিকতর স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে। | কার্যকর আছে | সেবা গ্রহীতাগন প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন। | www.tallysoluation.com/Feature/Inventory & accounting | ইনোভেশন টিম বিটিএমসি | ২০২০-২১ |
| ০২. | **Vehicle Management System** | বিটিএমসির প্রধান কার্যালয়ে ১১টি ধরনের (জীপ-১টি,মাইক্রোবাস-৩টি ও কার-৭টি) গাড়ী রয়েছে। প্রাধিকার প্রাপ্ত কর্মকর্তাদের গাড়ীসহ সকল গাড়ীর মেরামত, টায়ার, ব্যাটারি পরিবর্তন গাড়ীর ট্যাক্স টোকেন, রোড ফিটনেস, রুট পারমিট এবং ইনস্যুরেন্স করা হয়ে থাকে। এ সকল তথ্য জরুরি ভিত্তিতে প্রয়োজন হয়। এছাড়া কর্মকর্তাদের বন্ধের দিনসহ অন্যান্য সময়ে অফিসিয়াল/ব্যক্তিগত কাজে গাড়ী রিকুইজিশন করতে হয়। রিকুইজিশনটি অনুমোদন সাপেক্ষে রিকুইজিশনকারীর অনুকূলে সাধারন কর্মশাখা হতে ব্যবহারের জন্য গাড়ী বরাদ্দ দেয়া হয়। উল্লিখিত বিষয়ে অনলাইন এ্যাপ্লিকেশন সফটওয়ার তৈরি করা হলে কর্তৃপক্ষ একদিকে যেমন গাড়ীর তথ্য দ্রুত জানতে পারবে অন্যদিকে গাড়ী রিকুইজিশনকারীর অনুমোদনের প্রক্রিয়ায় সময় ব্যয় হবে না। সফটওয়ারটির | কার্যকর আছে | সেবা গ্রহীতাগন প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন। | https://btmc transport.com | ইনোভেশন টিম বিটিএমসি | ২০২১-২২ |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | মাধ্যমে যার গাড়ী প্রয়োজন হবে সে রিকুইজিশন ফরমটি পূরণ করে সাবমিট করবে এবং অনুমোদনকারী অনুমোদন করলে ফরমটি সাধারন কর্মশাখায় আসবে। সাধারন কর্মশাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা গাড়ী থাকা সাপেক্ষে গাড়ী বরাদ্দ দিবে। গাড়ী বরাদ্দ হওয়ার সাথে সাথে ড্রাইভার ও রিকুইজিশনকারীর নিকট এসএমএস যাবে অপর দিকে গাড়ী বরাদ্দ না দেয়া হলেও গাড়ী রিকুইজিশনকারীকে এসএমএস এর মাধ্যমে অবহিত করা হবে। | | | | | |
| ০৩. | **Medicine Distribution & Store Management System** | বিটিএমসি প্রধান কার্যালয়ে কর্মকর্তা ও কর্মচারীদের প্রাথমিক চিকিৎসা সেবা প্রদানের জন্য একটি চিকিৎসা বিভাগ রয়েছে । চিকিৎসা সেবা প্রদানের জন্য প্রায় ৫৪ ধরনের Medicine রয়েছে। ম্যানুয়াল পদ্ধতিতে Medicine গ্রহণ, ইস্যু ও সমাপনী মজুদ নিরুপন করা হয়। এ পদ্ধতিতে জরুরী প্রয়োজনে তাৎক্ষনিক Medicine এর পরিমান ও মজুদ কত রয়েছে তা বের করা সময় সাপেক্ষ। অন্যদিকে Medicine গ্রহণকারী সমাপনী Medicine মজুদের অবস্থা বিবেচনা করে তাঁর Medicine রিকুইজেশন দিতে পারবেন। সর্বোপরি Medicine Distribution Management System বাস্তবায়ন করা হলে Medicine রিকুইজেশন, গ্রহণ, ইস্যু ও সমাপনী মজুদ নিরুপন ব্যবস্থাপনায় অধিকতর স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে এবং সময় ও ব্যয় সাশ্রয় হবে।<br>অপর দিকে বিটিএমসি প্রধান কার্যালয়ে সাধারন কর্মশাখা নামে একটি বিভাগ রয়েছে যাতে একটি Store (ভান্ডার) রয়েছে। দাপ্তরিক কাজ সম্পাদনের জন্য বিভিন্ন ধরনের প্রায় ৮০ (আশি) ধরনের মালামাল রয়েছে। ম্যানুয়াল পদ্ধতিতে মালামাল গ্রহন, ইস্যু ও সমাপনী মজুদ করা হয়। এ পদ্ধতিতে জরুরী প্রয়োজনে তাৎক্ষনিক মালামালের পরিমান ও মূল্য প্রদান করা জটিল ও সময় সাপেক্ষ। ম্যানুয়াল পদ্ধতিতে ভান্ডার ব্যবস্থাপনায় বিভিন্ন ধরনের ভুলত্রূটি ও অনিয়ম হওয়ার সম্ভাবনা থাকে। Store Management এর কার্যক্রমটি বাস্তবায়ন করা হলে এর মাধ্যমে ভান্ডারের যাবতীয় মালামাল গ্রহন, ইস্যু ও সমাপনী মালামালের অবস্থা খুব সহজেই পাওয়া যাবে। এতে একদিকে Store (ভান্ডার) এ মালামালের ঘাটতি হবে না অন্যদিকে মালামাল গ্রহনকারী সমাপনী মালামালের মজুদের অবস্থা বিবেচনা করে তাঁর মালামালের রিকুইজেশন দিতে পারবেন। সর্বোপরি Store Management বাস্তবায়ন করা হলে ভান্ডার ব্যবস্থাপনায় অধিকতর স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে। | কার্যকর আছে | সেবা গ্রহীতাগন প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন। | https://btmc transport.com/inventory/ | ইনোভেশন টিম বিটিএমসি | ২০২২-২৩ |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ০৪. | **বিটিএমসি’র কর্মকর্তা ও কর্মচারীদের অর্জিত ছুটি ও বহিঃ বালাদেশ ছুটি সংক্রান্ত।** | বিটিএমসি প্রধান কার্যালয় এবং মিলসমূহের কর্মকর্তা ও কর্মচারীদের বিভিন্ন প্রয়োজনে বিদেশে ভ্রমণ এবং অন্যান্য প্রয়োজনে **অর্জিত ছুটি ও বহিঃ বাংলাদেশ ছুটির প্রয়োজন হয়।** বিটিএমসি প্রধান কার্যালয় এবং মিলসমূহের কর্মকর্তা ও কর্মচারীগন ম্যানুয়াল পদ্ধতিতে **বহিঃ বাংলাদেশ** ছুটির আবেদন করে থাকে । সংশ্লিষ্ট বিভাগ কর্মকর্তগনের তা সংস্থা প্রধানের অনুমোদনক্রমে বস্ত্র ও পাট মন্ত্রনালয়ে প্রেরণ করে । বস্ত্র ও পাট মন্ত্রণালয় হতে অনুমোদন পাওয়া গেলে সংশ্লিষ্ট বিভাগ হতে সংশ্লিষ্ট ব্যাক্তির নিকট প্রেরণ করা হয়। এ প্রক্রিয়ায় সময়,খরচ ও যাতায়াত (Time.Cost ও Visit) বৃদ্ধি পায়।<br>বিটিএমসি প্রধান কার্যালয় এবং মিলসমূহের কর্মকর্তা ও কর্মচারীদের **বহিঃ বাংলাদেশ ছুটির আবেদন প্রক্রিয়াটি** my Gov পোর্টালের মাধ্যমে আবেদন করলে সেবা গ্রহণকারী সহজেই সেবাটি গ্রহন করতে পারবেন । এ প্রক্রিয়ায় সেবা গ্রহণকারীর সময়,খরচ ও যাতায়াত Time.Cost ও Visit হ্রাস পাবে । | কার্যকর আছে | সেবা গ্রহীতাগন প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন। | www.myGov.gov.bd | ইনোভেশন টিম বিটিএমসি | ২০২২-২৩ |